



স্মারক নং-মুসমক/২০২৪/৬৩৩

তারিখ : ০৫/৯/২০২৪ খ্রি.

এইচএসসি পরীক্ষা-২০২৪ এ কারিগরি শিক্ষাবোর্ড/মাদ্রাসা শিক্ষাবোর্ড/উনুজ
বিশ্ববিদ্যালয় হতে জেএসসি/এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদের একাডেমিক
ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্র জমাদান
সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণকারী ছাত্রীদের মধ্যে যারা জেএসসি/এসএসসি পরীক্ষায় কারিগরি শিক্ষাবোর্ড অথবা মাদ্রাসা শিক্ষাবোর্ড অথবা উনুজ বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ হয়েছে তাদের নিম্নোক্ত কাগজপত্র আগামী ১০/৯/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কলেজের ১০৪ নং কক্ষে জমাদানের জন্য নির্দেশ দেয়া হলো।

- ১। এসএসসি পরীক্ষার পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের ফটোকপি (মূল কপি প্রদর্শনের জন্য সাথে আনতে হবে)।
- ২। জেএসসি পরীক্ষার পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের ফটোকপি (মূল কপি প্রদর্শনের জন্য সাথে আনতে হবে)।
- ৩। এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি।

বিষয়টি অতীব জরুরী

প্রফেসর মোঃ খায়রুল ইসলাম

আইডি নং-৫৩৬৯

অধ্যক্ষ

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ

ময়মনসিংহ

ফোন : ০২৯৯৬৬৬৭২৪৭।

কপি বন্টন :

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
৩. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
৪. প্রধান সহকারী, অত্র কলেজ।
৫. হিসাবরক্ষক, অত্র কলেজ।
৬. সংরক্ষণ নথি।



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়: বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং : ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৫১

তারিখ: ০৪/০৯/২০২৪ খ্রিঃ

এইচএসসি পরীক্ষা-২০২৪ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রতি জরুরী নির্দেশনা

এইচএসসি পরীক্ষা-২০২৪ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা-২০২৪ এ অংশ গ্রহণকারী পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত তথ্য জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, এ সংক্রান্ত কাজে পরীক্ষার্থীদেরকে বোর্ডে প্রেরণ করা যাবে না।

১. ১৯৯৬ সালের পূর্বে এসএসসি পাশ করা প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাশের নম্বরপত্রের ফটোকপি (সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাইকৃত), এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে ময়মনসিংহ বোর্ডের পরীক্ষা শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর কক্ষে উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে। ময়মনসিংহ সরকারি কলেজ, ময়মনসিংহ; সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর; নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোণা এবং শেরপুর সরকারি কলেজ, শেরপুর এর অধ্যক্ষ মহোদয়গণকে এ বিষয়ে বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।
২. এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের জেএসসি/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে) ও এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র(নম্বর/গ্রেড প্রদান পদ্ধতির প্রমাণক কাগজপত্র সহ), ঢাকা শিক্ষা বোর্ডের সমতুল্য সনদ এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে ময়মনসিংহ বোর্ডের পরীক্ষা শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর কক্ষে উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে।
৩. যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং উনুজ বিশ্ববিদ্যালয় হতে জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষায় পাশ করে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করেছে, তাদেরও জেএসসি ও এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে ময়মনসিংহ বোর্ডের পরীক্ষা শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর কক্ষে উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে।
৪. সকল পরীক্ষার্থীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT, বিষয় কোড-২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর (শ্রেণী কার্যক্রম চলাকালে প্রাপ্ত) কেন্দ্রের আওতাধীন কলেজ হতে সংগ্রহ করে বোর্ডের ওয়েব সাইটে/ওয়েব সাইটের **C.A./Practical Mark option** এ এন্ট্রি করে এর প্রিন্টকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং মূলকপি উদ্বৃত্ত মালামাল বোর্ডের পরীক্ষা শাখায় জমাদানের দিন হাতে হাতে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ইতোমধ্যে বোর্ডের ওয়েব সাইট হুলে দেওয়া হয়েছে। ওয়েব সাইটে নম্বর এন্ট্রির শেষ তারিখ ১০/০৯/২০২৪ খ্রি। কোন অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষার অজুহাতে পরীক্ষার্থীদেরকে কলেজে আনা যাবে না।
৫. সকল কেন্দ্রের অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী এইচএসসি- ২০২৪ পরীক্ষার অব্যবহৃত প্রশ্নপত্র, উপস্থিতি পত্র ও উদ্বৃত্ত মালামাল (যেমন-মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, ট্র্যাক, চটের বস্তা ইত্যাদি), অনুপস্থিতি তালিকা, বহিষ্কার তালিকা, ব্যবহারিকের অনলাইন নম্বর পত্র এবং উপরে ক্রমিক ১ হতে ৩ নং এ উল্লিখিত কাগজ পত্রাদি বজাবন্দি না করে আলাদা ভাবে বোর্ডে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।